# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

শৃঙ্খলা ও আপিল বিভাগ

www.pallisanchaybank.gov.bd

স্মারক নম্বর: পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২ (৮৮১)/২০২৫-২৬ (২০২৬-২৭)/২৮১ তারিখ: ১৮ আগস্ট, ২০২৬ খ্রি.

**পল্লী সঞ্চয় ব্যাংক, কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর অধীন রুজুকৃত শৃঙ্খলাজনিত বিভাগীয় মামলা নম্বর: ৬০/২০২৫-২৬ এর**

**কর্মী সংক্রান্ত ঘোষণা**

যেহেতু আপনি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান (এম-১৮২৬), মাঠ সহকারী (সাময়িকভাবে বরখাস্তকৃত), পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, কুমিল্লা (সংযুক্ত); ইতঃপূর্বে পল্লী সঞ্চয় ব্যাংক, পোরশা শাখা, নওগাঁয় মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ), (গ), (ঘ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন, অদক্ষতা ও অর্থ আত্মসাৎমূলক অপরাধ সংঘটনের দায়ে বিভাগীয় মামলা নম্বর ৬০/২০২৫-২৬ রুজুপূর্বক অত্র বিভাগের ১১/১২/২০২৫ খ্রি. তারিখের পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২ (৮৮১)/২০২৫-২৬/১১৮৭ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়। আপনি উক্ত অভিযোগনামার প্রাপ্তি স্বীকার করলেও জবাব দাখিল করেন নি এবং কর্তৃপক্ষ উক্ত বিভাগীয় মামলাটি তদন্তের জন্য একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনান্তে আপনি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২ (১) (খ) প্রবিধি মোতাবেক আপনাকে গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করেন এবং উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা বিকল্প কোন গুরুদন্ড প্রদান করা হবে না- এ মর্মে বিগত ১৯/০৫/২০২৬ তারিখের পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২ (৮৮১)/২০২৫-২৬/৪০০৫ নম্বর স্মারকমূলে আপনার বিরুদ্ধে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

০৪। যেহেতু আপনি বিগত ১৮/০৬/২০২৬ তারিখে উক্ত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ করে আপনি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, পলায়ন, অদক্ষতা ও অর্থ আত্মসাৎমূলক অপরাধ সংঘটনের দায়ে দোষী সাব্যস্ত করত লঘুদন্ড তথা বেতনস্কেলের নিম্নস্তরে অবনমিতকরণের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু আপনি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, কর্তৃপক্ষ আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২ (১) (ক) (ঈ) প্রবিধি অনুসারে আপনার বর্তমান বেতনস্কেল তথা ১৪ তম গ্রেডে ১০,২০০/- -- ২৪,৬৮০/- টাকা বেতনস্কেলের প্রারম্ভিক স্তর ১০,২০০/- টাকা মূলবেতনে আগামী ০২ (দুই) বছরের জন্য অবনমিতকরণের আদেশ দিলেন। আপনি ভবিষ্যতে উক্ত সময়ের কোন বকেয়া প্রাপ্য হবেন না এবং উক্ত মেয়াদে বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না মর্মেও কর্তৃপক্ষ আদেশ দিলেন। দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর আপনি স্বয়ংক্রিয়ভাবে ১০,২০০/- -- ২৪,৬৮০/- টাকার স্কেলে (১৪ তম গ্রেড) আপনার বর্তমানে প্রাপ্ত বেতন ধাপে প্রত্যাবর্তন করবেন।

০৬। যেহেতু আপনি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, বিগত ২৩/০৩/২০২৫ হতে ২২/০৯/২০২৫ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। সেহেতু কর্তৃপক্ষ আপনার উক্ত অনুপস্থিতকাল বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার আদেশ দিলেন। আপনি উক্ত সময়কালে বেতনভাতাদি বাবদ কোন অর্থ প্রাপ্য হবেন না মর্মেও কর্তৃপক্ষ আদেশ দিলেন।

০৭। এছাড়াও কর্তৃপক্ষ আপনার উপর বিগত ১৮/০৯/২০২৫ তারিখের পসব্য/প্রকা/প্রশা-২৩ (৯)/২০২৫-২৬/১১৪৬ নং স্মারকমূলে আরোপিত সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারপূর্বক সাময়িক বরখাস্তকাল (১৮/০৯/২০২৫ তারিখ হতে অত্র কর্মী সংক্রান্ত ঘোষণা জারির পূর্ব পর্যন্ত) বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার আদেশ দিলেন। আপনি সাময়িক বরখাস্তকালে গৃহীত খোরাকী ভাতার অতিরিক্ত কোন অর্থ প্রাপ্য হবেন না।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে,

২৮.০৮.২৬

(মোঃ মাসুদ হাসান)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান (এম-১৮২৬)
মাঠ সহকারী, পল্লী সঞ্চয় ব্যাংক
জেলা (আঞ্চলিক) কার্যালয়, কুমিল্লা (সংযুক্ত)।

**স্থায়ী ঠিকানা**
পিতা: মোঃ আব্বাস আলী
গ্রাম: ইনায়েতপুর, ডাকঘর: গোটগাড়ী
থানা: মান্দা, জেলা: নওগাঁ।

স্মারক নম্বর: পসব্য/প্রকা/শৃঙ্খলা-২২ (৮৮১)/২০২৫-২৬ (২০২৬-২৭)/২৮১ তারিখ: ১৮ আগস্ট, ২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (সকল) মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।
০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ (রাজশাহী বিভাগ), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। প্রোগ্রামার, আইসিটি বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, কুমিল্লা (কর্মী সংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের ওয়েব সাইট হতে ডাউনলোড করে জনাব মোঃ মোস্তাফিজুর রহমান এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি প্রধান কার্যালয়ের শৃঙ্খলা ও আপিল বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
০৮। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, জেলা (আঞ্চলিক) কার্যালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, নওগাঁ।
০৯। শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, পোরশা শাখা, নওগাঁ (অভিযুক্ত কর্মস্থলে অনুপস্থিতির কারণে কর্মী সংক্রান্ত ঘোষণাটি হস্তান্তর করা সম্ভব না হলে একজন দায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে সংশ্লিষ্ট কর্মচারীর স্থায়ী ঠিকানায় তার নিকট অথবা উক্ত ঠিকানায় বসবাসরত নিকটাত্মীয়ের নিকট, অপারগতায় তার বাড়ির সদর দরজায় লটকাইয়া জারি করত দুইজন স্বাক্ষীর স্বাক্ষরসহ একটি প্রত্যয়নপত্র অত্র কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হলো। এছাড়াও পত্রটি অভিযুক্তের স্থায়ী ঠিকানায় রেজিস্ট্রি ডাকযোগে এডি করে প্রেরণ করার জন্য নির্দেশনা দেওয়া হলো)।
১০। ব্যক্তিগত নথি/মহানথি।

২৮.০৮.২৬

(সুমন সরকার)
প্রিন্সিপাল অফিসার